

বিশ্বিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (১২ ফেব্রুয়ারী ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: খাগড়াছড়ি সদর

তারিখ: ১২-০২-২০২৬

গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ০৯.০২.২০২৬ থেকে ১১.০২.২০২৬ তারিখ পর্যন্ত

জেলা: খাগড়াছড়ি

বুলেটিন নম্বর: ১২২

পূর্বাভাসের সময়কাল	০৯-০২-২০২৬	১০-০২-২০২৬	১১-০২-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৮	২৮	২৮
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	০৯	০৯	১০
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৫৩	৪২	৪২
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১০	১০	১০
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ১২.০২.২০২৬ থেকে ১৫.০২.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	১২-০২-২০২৬	১৩-০২-২০২৬	১৪-০২-২০২৬	১৫-০২-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৮.১	২৮	২৮.৯	২৮
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১২.৫	১২.৭	১২.৫	১২
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৪৬	৪৫	৪২	৩৭
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১১	১০	১০	১১
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম

Source: <https://usf.bmd.gov.bd/>

সময়কাল: ১২ ফেব্রুয়ারী ২০২৬ – ১৫ ফেব্রুয়ারী ২০২৬

আবহাওয়ার সারসংক্ষেপ:

- সর্বোচ্চ তাপমাত্রা: ২৮ ডিগ্রী সেলসিয়াস
- সর্বনিম্ন তাপমাত্রা: ১৩ ডিগ্রী সেলসিয়াস
- বৃষ্টিপাত: বৃষ্টির সম্ভাবনা নেই, আকাশ আংশিক মেঘলা

ফসল ভিত্তিক কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ:

কাজু বাদাম:

- বর্তমানে কোন পরিচর্যা করতে হবে না। ফুল আসার জন্য অপেক্ষা করতে হবে এবং কাজু বাদাম গাছ নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে।
- আগাছা পরিষ্কার করে এবং বাগান পরিষ্কার রাখুন।

আম:

- গাছে মুকুল আসার সময় নিয়মিত সেচ দিন, তবে অতিরিক্ত পানি জমতে দেবেন না।
- মুকুলে পোকামাকড় (ফুলের পোকা, জাবপোকা) দমনে জৈব কীটনাশক বা ফেরোমন ফাঁদ ব্যবহার করুন।
- গাছের গোড়ায় আগাছা পরিষ্কার রাখুন যাতে পুষ্টি সঠিকভাবে গাছে পৌঁছায়।
- মুকুল রক্ষায় গাছের চারপাশে ধোঁয়া সৃষ্টি করা যেতে পারে (শুকনো পাতা বা খড় জ্বালিয়ে)।

সাধারণ সতর্কতা

- সকালের কুয়াশা ও আর্দ্রতার কারণে রোগের ঝুঁকি বাড়তে পারে, তাই নিয়মিত পর্যবেক্ষণ করুন।
- আবহাওয়া পরিবর্তন অনুযায়ী সেচ ও সার ব্যবস্থাপনা সামঞ্জস্য করুন।
- স্থানীয় কৃষি অফিস থেকে সর্বশেষ আবহাওয়া তথ্য সংগ্রহ করুন।